

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 18.11.2024**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) আদিবাসী ও পিছিয়ে পড়া শ্রেণীর জন্য রাজ্য সরকারের বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পের সুযোগ যেন তাঁরাই পান তা নিশ্চিত করতে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে।
- ২) রাজ্যে আলুর বীজ বপনের চলতি মরশ্ডমে, সার নিয়ে কালোবাজারি রুখতে রাজ্য সরকার কড়া নজরদারির নির্দেশ দিয়েছে।
- ৩) তরঙ্গের স্বপ্ন প্রকল্পে ট্যাব কেনা নিয়ে রাজ্যের ৪৮৯-টি স্কুলের ছাত্রছাত্রী এখনও পর্যন্ত জালিয়াতির শিকার। গ্রেফতার আরও তিনজন।
- ৪) ভাটপাড়া পুরসভার প্রাক্তন তৃণমূল সভাপতি অশোক সাউ-এর খনের ঘটনায় ধূত দু-জনের ১০ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ।
- ৫) পথের পাঁচালি খ্যাত অভিনেত্রী উমা দাশগুপ্ত প্রয়াত।
- ৬) জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির গ্রুপ পর্বের ম্যাচে বাংলা আজ ৭-০ গোলে উত্তর প্রদেশকে হারিয়ে দিয়েছে। \*\* ইডেনে চারদিনের সি কে নাইডু ট্রফি ক্রিকেটে বাংলা ও হিমাচল প্রদেশের মধ্যে খেলাটি অমীমাংসিতভাবে শেষ হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আদিবাসী ও পিছিয়ে পড়া শ্রেণীর জন্য রাজ্য সরকারের বিভিন্ন কল্যাণমূলক প্রকল্পের সুযোগ তাঁরাই যাতে পান তা নিশ্চিত করতে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। এজন্য প্রকল্পের প্রচার ও জনসংযোগ বাড়ানোর উপর গুরুত্ব দেওয়া হয়েছে। নবান্নে আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আদিবাসী উন্নয়ন পর্ষদের বৈঠকে উপস্থিত জনপ্রতিনিধিরা জানান, আদিবাসীদের উন্নয়নে রাজ্য সরকার একাধিক প্রকল্প ও পদক্ষেপ গ্রহণ করেছে। কিন্তু যথাযথ প্রচার ও সচেতনতার অভাবে প্রকৃত সুবিধাতোগীরা এইসব প্রকল্পের সুযোগ থেকে বাস্তিত হচ্ছেন। তার পরিপ্রেক্ষিতেই এই নির্দেশ বলে জানা গেছে। রাজ্যের চারজন জনজাতি মন্ত্রীকে আদিবাসী এলাকায় গিয়ে এই নিয়ে প্রচারে গতি আনতে নির্দেশ দেওয়া হয় বৈঠকে। বিভিন্ন জনজাতি সম্প্রদায়ের মন্ত্রী, বিধায়কদের পাশাপাশি সংশ্লিষ্ট বিভিন্ন দফতরের সচিব ও আদিবাসী সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এদিকে বিভিন্ন ভাষাভাষি মানুষ রয়েছে এমন জেলাগুলিতে ভাষা ও সংস্কৃতি প্রসারের জন্য একটি কমিটি গঠনেরও নির্দেশ দেওয়া হয়েছে। এই কমিটি ভাষাসাহিত্য এবং সংস্কৃতির প্রসার এবং বিস্তারে কাজ করবে।

এছাড়াও পাহাড়ের অনুকরণে জঙ্গলমহলেও হোম স্টের প্রসারে বিশেষ গুরুত্ব দিচ্ছে রাজ্য সরকার। আদিবাসী অধ্যয়িত এলাকায় পর্যটনের বিকাশের পাশাপাশি স্থানীয়দের কর্ম সংস্থানের লক্ষ্যেই এই পদক্ষেপ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য আলুর বীজ বপনের চলতি মরশ্মে, সার নিয়ে কালোবাজারি রুখতে রাজ্য সরকার কড়া নজরদারির নির্দেশ দিয়েছে। আলু চাষের জন্য ব্যবহৃত এনপিকে সারের চাহিদার সুযোগে, অসাধু ব্যবসায়ীরা যাতে বাজারে কৃত্রিমভাবে দাম বাড়িয়ে না দেয়, তা

দেখতে বলা হয়েছে। একইসঙ্গে প্রতিটি ব্লকে কৃষকরা, আলু চাষের জন্য নায়মূল্যে এনপিকে সার বাজার থেকে পাচ্ছেন কিনা, তা দেখতেও কৃষি দফতর জেলাগুলিকে নির্দেশ দিয়েছে। এজন্য সপ্তাহে অন্তত একবার প্রতিটি ব্লকে কৃষি আধিকারিকদের নিয়ে পর্যালোচনা বৈঠক হবে। সঠিকভাবে সার সরবরাহ, এবং কালোবাজারি নিয়ে কৃষকদের মধ্যে ক্ষেভ তৈরি হয়েছে কিনা, তা পর্যালোচনা করে রিপোর্ট দিতে বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ধানের সহায়ক মূল্য বৃদ্ধি সহ একাধিক দাবিতে অল ইন্ডিয়া কিষাণ ক্ষেত্রমজুর সংগঠনের তরফে পুরুলিয়া শহরে আজ বিক্ষেভ মিছিলের আয়োজন করা হয়। তাঁদের দাবিগুলির মধ্যে রয়েছে, ধানের সহায়ক মূল্য কুইন্টাল প্রতি তিন হাজার টাকা করা, গ্রামীণ মজুরদের সারা বছর কাজের ব্যবস্থা, জনস্বার্থ বিরোধী বিদ্যুৎ আইন সংশোধনী ২০২২ বাতিল এবং জেলার খরা সমস্যার স্থায়ী সমাধান। মিছিল করে জেলাশাসকের দপ্তরের সামনে পৌঁছে বিক্ষেভ প্রদর্শন করেন তাঁরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তরুণের স্বপ্ন প্রকল্পে ট্যাব কেনা নিয়ে রাজ্যের ৪৮৯-টি স্কুলের ছাত্রছাত্রী এখনও পর্যন্ত জালিয়াতির শিকার। এব্যাপারে ৪০১-টি এফ আই আর দায়ের করা হয়েছে বলে শিক্ষা দফতর সূত্রে জানা গেছে। যেসব ছাত্রছাত্রী টাকা পাননি তাদের অ্যাকাউন্টে ইতিমধ্যে টাকা পাঠানোর কাজ শুরু হয়েছে।

এদিকে, ট্যাব জালিয়াতির মামলার তদন্তে কলকাতা পুলিশের একটি দল শিলিঙ্গড়ি থেকে তিনজনকে গতকাল গ্রেফতার করে। দীবাকর দাস, গোপাল রায় ও

বিশাল ঢালী নামে ধৃত তিনজনকে আজ আলিপুর আদালতে তোলা হলে ২৫-শে নভেম্বর পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, উত্তর দিনাজপুরের চোপড়ার বাসিন্দা দীবাকর দাস প্রাথমিক শিক্ষক, বাকি দু-জন শিলিঙ্গড়ির চম্পাসারির বাসিন্দা। এই নিয়ে টাব কেলেঙ্কারিতে কলকাতা পুলিশ মোট ৫ জনকে গ্রেফতার করল। এর আগে ধরা হয় আরও দুজনকে। তারা বর্তমানে সি আই ডি হেফাজতে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্টুডেন্ট ক্রেডিট কার্ড সম্পর্কে তরুণদের মধ্যে সচেতনতা বাড়তে রাজ্য সরকার, ব্যাপক প্রচার শুরু করার নির্দেশ দিয়েছে। আগামী সপ্তাহ থেকে জেলাস্তরে কলেজ ও স্কুল পড়ুয়াদের মধ্যে এনিয়ে প্রচার চালাতে বলেছে উচ্চশিক্ষা দপ্তর। সদ্য কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া শেষে ক্লাস শুরু হওয়ায় দপ্তরের তরফে সর্বত্র এই প্রকল্প নিয়ে নতুন করে প্রচার চালানোর উপর জোর দেওয়া হচ্ছে। ব্যাংকগুলিও যাতে এবিষয়ে সক্রিয় ভূমিকা নেয় সে বিষয়ে অনুরোধ জানানো হয়েছে। স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে খণ্ডের আবেদন এবং মঞ্চুরের সংখ্যার মধ্যে ব্যাপক পার্থক্য দেখা যাচ্ছে বলে দপ্তর সূত্রে খবর। ওই প্রকল্পের আওতায়, ব্যাঙ্কে প্রায় ২ লক্ষ আবেদন জমা পড়েছে। তার মধ্যে এপর্যন্ত ৭৬ হাজার আবেদন মঞ্চুর হয়েছে। এই সংখ্যা বাড়তে উদ্যোগ নেওয়া হচ্ছে। চলতি সপ্তাহের শেষে ব্যাংকগুলির সঙ্গে বৈঠক করে মুখ্য সচিব মনোজ পন্থ এব্যাপারে তাদের দৃষ্টি আকর্ষন করবেন বলে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার এন্টালি এলাকায় বাড়ির একাংশ ভেঙে পড়ে দু-জনের মৃত্যুর ঘটনায় রাজ্যের পুর ও নগরোন্নয়নমন্ত্রী, পুরসভার মেয়র ফিরহাদ হাকিম শোক প্রকাশ করেছেন। পুরত্বনে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, ওই বাড়িটি একটি

কারখানা ছিল, দীর্ঘদিন যা বন্ধ হয়ে রয়েছে। বন্ধ কারখানার আড়ালে যে প্রমোটার চক্র মাথাচাড়া দিয়ে উঠেছিল, পুরসভার পক্ষে তা জানা সম্ভব হয়নি। এইভাবে বাড়ি ভেঙে পড়ে মানুষের মৃত্যু হলে, তা কোনভাবেই মেনে নেওয়া যায় না বলে মেয়র ক্ষেত্র প্রকাশ করেন।

আগেই জানানো হয়েছে, মধ্য কলকাতার এন্টালিতে গতরাতে ওই পরিতক কারখানার একাংশ ভেঙে পড়লে দুই নিরাপত্তারক্ষী প্রাণ হারান। পুরনো ওই অ্যাসিড কারখানার একাংশে বাস করতেন নিরাপত্তারক্ষী সাজিদুল রহমান ও তাঁর ভাই মজিবুর রহমান। কারখানাটিকে অনেকদিন আগে বিপজ্জনক হিসেবে ঘোষণা করা হয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভাটপাড়া পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের প্রাক্তন তৃণমূল কংগ্রেস সভাপতি অশোক সাউ খুনের ঘটনায় ধৃত মূল অভিযুক্ত সুজল প্রসাদ এবং সানি সাউকে আজ ব্যারাকপুর আদালতে তোলা হলে ১০ দিনের পুলিশ হেফাজত হয়েছে। ব্যারাকপুর পুলিশ কমিশনারেট এর গোয়েন্দা বিভাগ আজ ভোর রাতে এই দুজনকে গ্রেফতার করে। এই নিয়ে এই ঘটনায় মোট ৪ জন গ্রেফতার হল। ব্যারাকপুরের পুলিশ কমিশনার অলোক রাজোরিয়া জানিয়েছেন বাকিদের সন্ধানে তল্লাশি চলছে।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা জোড়াসাঁকো থানা এলাকার এমজি রোডে এক ব্যক্তিকে শ্বাসরোধ করে খুনের অভিযোগে ধৃত সরফরাজকে ২৪-শে নভেম্বর পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠিয়েছে শিয়ালদা আদালত। গতরাতে মাঝবয়সী অঙ্গাতপরিচয় ওই ব্যক্তির দেহ

ফুটপাথের উপর থেকে উদ্বার হয়। রাস্তার ধারের সিসিটিভি ফুটেজে দেখা যায় বছর তিরিশের সরফরাজ গামছা দিয়ে শ্বাসরোধ করে ওই ব্যক্তিকে হত্যার চেষ্টা করছিল। এরপরই তাকে পাকড়াও করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

শিয়ালদা আদালতে আজ আরজি কর মেডিক্যাল কলেজে তরণী চিকিৎসককে ধর্ষণ করে হত্যার মামলার শুনানি চলে। মামলার মূল অভিযুক্ত সঞ্জয় রাইকে আদালতে পেশ করা হয়। তার নিরাপত্তা নিয়ে পুলিশ তৎপরতা ছিল চোখে পড়ার মতো। আদালত ভবনকে কড়া নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়। অপেক্ষারত সাংবাদিকদের সঙ্গে অভিযুক্ত যাকে কোনরকম কথাবার্তা বলতে না পারেন সে বিষয়ে তৎপর ছিল পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের ভাতারে এক মুক ও বোধির মহিলাকে ধর্ষণে এক যুবককে পুলিশ গ্রেফতার করেছে। চাঁদু ধারা নামে ওই যুবককে আজ বর্ধমানে মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের এজলাসে পেশ করা হলে পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

পারিবারিক সূত্রে জানা গেছে, রবিবার ভোর রাতে মহিলা বাড়ির বাইরে শৌচালয়ে গিয়েছিলেন, কিন্তু দীর্ঘক্ষণ তিনি না ফেরায় খোঁজাখুঁজি শুরু হয়। পরে বাড়ি থেকে কিছুটা দূরে ওই মহিলার খোঁজ মেলে। চাঁদুকেও সেখান থেকে দৌড়ে পালাতে দেখা যায়। মহিলার অভিযোগের ভিত্তিতে পুলিশ তাকে গ্রেফতার করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সত্যজিৎ রায়ের পথের পাঁচালি খ্যাত অভিনেত্রী উমা দাশগুপ্ত প্রয়াত। তিনি দুরারোগ্য ক্যাসারে ভুগছিলেন। কলকাতার এক বেসরকারি হাসপাতালে আজ সকালে উমা দাশগুপ্ত শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বলে পারিবারিক সূত্রে জানা গেছে। বয়স হয়েছিল ৮৫ বছর। ছোটবেলায় থিয়েটার থেকে অভিনয় জীবনের হাতেখড়ি। সেখান থেকেই সত্যজিৎ রায় স্কুলে পড়ুয়া উমা দেবীকে পথের পাঁচালির দুর্গার চরিত্রটির জন্য বেছে নেন। সেই চরিত্রই তাঁকে বাংলা সিনেমার ইতিহাসে পাকাপাকি যায়গা করে দিয়েছে। উমা দাশগুপ্তের প্রয়াণে রাজ্যের চলচ্চিত্র প্রেমী মহলে শোকের ছায়া। পরিচালক অনৌক দত্ত-----

Byte of ANIK Dutta

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার ঐতিহ্যবাহী রাস উৎসবের আজ চতুর্থ দিন। শান্তিপুরে আজ হয় ঠাকুর নাচানো অনুষ্ঠান।

অন্যদিকে নবদ্বীপে রাসের কার্নিভাল চলেছে। তা দেখতে রাস্তার ধারে ভিড় জমিয়েছেন হাজার হাজার মানুষ ।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন -

(ভয়েসকাস্ট – অনুপম)

০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির গ্রুপ পর্বের ম্যাচে বাংলা আজ ৭-০ গোলে উত্তর প্রদেশকে হারিয়ে দিয়েছে। কল্যাণী স্টেডিয়ামে এই ম্যাচে রবি হাঁসদা ও মনোতোষ মার্কি দুজনেই হ্যাট্ট্রিক করেন।

রবি চারটি, মনোতোষ তিনটি গোল করেছেন। গ্রুপ লীগে বাংলা বুধবার শেষ ম্যাচে  
বিহারের বিরুদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে চারদিনের সি কে নাইডু ট্রফি ক্রিকেটে বাংলা ও হিমাচল প্রদেশের মধ্যে  
খেলাটি অমীমাংসিতভাবে শেষ হয়েছে। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে বাংলা এই  
ম্যাচে ১১ পয়েন্ট পেয়েছে। পাঁচ ম্যাচে তাদের সংগৃহীত পয়েন্ট ৪৭।

খেলার সংক্ষিপ্ত ফলাফল - হিমাচল প্রদেশ ২৯৪ ও ৩৩৯, বাংলা -৪২৫ ও ৮ উইকেটে  
১৮১ রান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০